দৈনিক
ইত্তেফাক

তারিখ 17 NOV 2003
পৃষ্ঠা ১০ কলাম ৩

কমিউনিটি শিক্ষকদের আল্টিমেটাম

# বেতন স্কেল না দিলে ডিসেম্বর থেকে আমরণ অনশন

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

আগামী ৩০ নভেম্বরের মধ্যে কমিউনিটি থমিক বিদ্যালয়ের শিক্ষকদের জাতীয় তন স্কেলে অন্তর্ভুক্ত করার দাবি জানানো য়েছে। অন্যথায় ১ ডিসেম্বর থেকে জধানীর মুক্তাঙ্গনে আমরণ কর্মসূচির ঘোষণা দিয়েছে কমিউনিটি প্রাথমিক শিক্ষক সমিতি। গতকাল রবিবার নগরীর তোপখানা রোড কেন্দ্রীয় কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে এই ঘোষণা দেয়া হয়।

সাংবাদিক সম্মেলনের লিখিত বক্তব্যে সমিতির মহাসচিব মাহবুবুল আলম জানান, ইতিপূর্বে মন্ত্রণালয় এবং সরকারের সংশ্লিষ্টদের সাথে বৈঠকে কমিউনিটি শিক্ষকদের দাবি পূরণের আশ্বাস দেয়া হলেও এখন পর্যন্ত তা বাস্তবায়ন হয়নি। সংবাদ সম্মেলনে জানানো হয়, সার্বজনীন প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের জন্য সারাদেশে ৩ হাজার ৭৭৮টি কমিউনিটি প্রাথমিক বিদ্যালয় স্থাপন করা হয়। এসব স্কুলের শিক্ষকদের মাসিক মাত্র ১২শ' টাকা হারে বেতন দেয়া হচ্ছে। সংবাদ সম্মেলনে সমিতির সভাপতি